দৈনিক সংবাদ 39

তারিখ 07 JUN 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

### বগুড়া আযিযুল হক কলেজ

# প্রতারণা করে ভর্তি এখন পড়াশোনা নয় মূল কাজ রাজনীতি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বগুড়া, ৬ই জুন।– উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাসের ভুয়া মার্কশিট জমা দিয়ে আযিযুল হক কলেজে লেখাপড়া শুরু করার পর মোঃ ফয়সাল বারী ও শামসুজ্জোহা নামে ২ ছাত্রের প্রতারণা ধরা পড়েছে। তারা ২ জন অবশ্য এখন আর ঐ কলেজে ক্লাস করে না, করে

কাজ ঃ পৃঃ ১১ কঃ ২

## কাজ ঃ রাজনীতি

রাজনীতি। (১ম পৃষ্ঠার পর)

আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজের নির্ভরযোগ্য একটি সূত্র জানিয়েছে, ঐ ২ জনসহ ৯ জন ছাত্রের বিরুদ্ধে প্রতারণা করে কলেজে ভর্তি হওয়ার একটি লিখিত অভিযোগ পাওয়ার পর একটি তদন্ত কমিটি গঠন করা হয়। রাজশাহী শিক্ষা বোর্ডে গিয়ে ঐ তদন্ত কমিটি অনুসন্ধান করে জানতে পারে মোঃ ফয়সল বারী (রোল বগ–রি–৫২৬) ফেল করেছে। কিন্তু সে দ্বিতীয় বিভাগে পাস দেখিয়ে সরকারি আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজে প্রথমে বিকম–এ ভর্তি হয়, পরে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অনুমতি নিয়ে এসে ইংরেজি অনার্স কোর্সে ভর্তি হয়। '৯১ সালের পরীক্ষার্থী ফয়সল বারী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজি প্রথম পত্রে পেয়েছে ৩৪ আর দ্বিতীয় পত্রে পেয়েছে ১৯, বাণিজ্যনীতি পরীক্ষায় প্রথম পত্রে পেয়েছে ২৪ আর ৩৪ পেয়েছে দ্বিতীয় পত্রে।

মহাস্থান কলেজের ছাত্র শামসুজ্জোহা (রোল মহাস্থান ৩৪৬৯৩২) ঐ কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিয়ে ফেল করার পরেও প্রথম বিভাগে পাস দেখিয়ে একই কলেজে অর্থনীতি (সম্মান) শ্রেণীতে প্রতারণা করে ভর্তি হয়। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিভাগগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করার পরেও ঐ ২ ছাত্রের বিরুদ্ধে এখনো কোন ব্যবস্থা নেয়া হয়নি। তদন্তে বাকি ৭ জনের বিরুদ্ধে আনা প্রতারণার অভিযোগ মিথ্যা প্রমাণিত হয়েছে।